গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**১ জুলাই, ২০১৯ – ৩০ জুন, ২০২০**

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণী | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | উপক্রমণিকা (Preamble) | ৩ |
| ২. | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪-৫ |
| ৩. | **সেকশন-১:** বিপিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী | ৬ |
| ৪. | **সেকশন-২:** বিপিসি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৭ |
| ৫. | **সেকশন-৩:** কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮-১৩ |
| ৬. | **সংযোজনী-১:** শব্দসংক্ষেপ (Acronyms) | ১৫ |
| ৭. | **সংযোজনী-২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৬ |
| ৮. | **সংযোজনী-৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৭ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of BPC)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

বিপিসি বিগত তিন আর্থিক বছরে মোট ৩৬,৫১,০৮০.৯৮ মে.টন অপরিশোধিত ও ১,৩৬,০৭,৮৩৫.৮৩ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি এবং ১,৬৫,২৮০.২৬ মে.টন ন্যাফথা রপ্তানি করেছে। উক্ত সময়ে জ্বালানি তেল বিক্রয়ের মোট পরিমাণ ছিল প্রায় ১,৮০,৯৩,০৮৬ মে.টন। এছাড়া বিগত তিন অর্থবছরে বিপিসি কর্তৃক সরকারি কোষাগারে প্রদানকৃত মোট অর্থের পরিমাণ প্রায় ২৬,৫৩৩.৬৩ কোটি টাকা।

"ডেভেলপমেন্ট অফ ল্যান্ড এ্যান্ড কনস্ট্রাকশন অব ৩×২৫০০ মে.টন জেট এ-১ স্টোরেজ ট্যাংক অন ডেভেলপড ল্যান্ড এ্যাট কুর্মিটোলা এভিয়েশন ডিপো"-শীর্ষক প্রকল্প বাস্তবায়নের ফলে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে জ্বালানি সরবরাহ সহজ হয়েছে।

"ফিজিবিলিটি স্টাডি অফ জেট এ-১ পাইপলাইন ফ্রম কাঞ্চনব্রিজ, পিতলগঞ্জ টু কেএডি ডিপো, ঢাকা ইনক্লুডিং স্টোরেজ ট্যাংক"- শীর্ষক প্রকল্প যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ব্যবহারকারী উড়োজাহাজসমূহে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল জেট এ-১ সরবরাহ করার লক্ষ্যে গৃহীত ''জেট এ-১ পাইপলাইন ফ্রম পিতলগঞ্জ (নিয়ার কাঞ্চন ব্রীজ) টু কুর্মিটোলা এভিয়েশন ডিপো (কেএডি) ইনক্লুডিং পাম্পিং ফ্যাসিলিটিজ''-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি আগামী জানুয়ারি, ২০২০ সাল নাগাদ শেষ হবে মর্মে আশা করা যায়। প্রকল্পটি বাস্তবায়িত হলে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবস্থিত ডিপাতে পাইপলাইনের মাধ্যমে তেল সরবরাহ নিরবচ্ছিন্ন ও সহজ হবে। ফলে এয়ারপোর্টে আগত উড়োজাহাজসমূহে জেট এ-১ সরাবরাহ ব্যবস্থা আরো নিশ্চিত হবে।

"চট্টগ্রাম টার্মিনালে ৪(চার) তলা ভবন নির্মাণ প্রকল্প, জেওসিএল, গুপ্তখাল, পতেঙ্গা, চট্টগ্রাম" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের ফলে জেওসিএল এর প্রধান স্থাপনায় অফিস ভবন স্থাপিত হয়েছে। ফলে প্রধান স্থাপনায় দাপ্তরিক কাজ সহজতর হয়েছে। এতে অপারেশন কার্যক্রম নিখুঁতভাবে মনিটরিং করা সম্ভব হচ্ছে।

"ফিজিবিলিটি স্টাডি অফ কনস্ট্রাকশন অব অয়েল পাইপলাইন ফ্রম, চিটাগাং টু ঢাকা" শীর্ষক প্রকল্প যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে পাইপলাইনের মাধ্যমে চট্টগ্রাম হতে ঢাকা পযন্ত তেল সরবরাহ ব্যবস্থা সহজ এবং নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে "চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন" -শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি আগামী ডিসেম্বর,২০২০ সাল নাগাদ শেষ হবে মর্মে আশা করা যায়। প্রকল্পটি বাস্তবায়িত হলে পারিপার্শ্বিক প্রতিবন্ধকতা পরিহার করে দেশের ক্রমবর্ধমান জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধির সাথে সাথে সরবরাহ ব্যবস্থা সুদৃঢ় ও সুসংহত হবে।

"কনস্ট্রাকশন অব মংলা অয়েল ইনস্টলেশন" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের ফলে মংলায় ১.০০ লক্ষ মে.টন ধারন ক্ষমতা সম্পন্ন দেশের ২য় বৃহত্তর ডিপো তৈরী হয়েছে। এতে দেশের দক্ষিণ, দক্ষিণ-পশ্চিম ও উত্তরাঞ্চলে জ্বালানি তেল সরবরাহ ব্যবস্থা আরো সহজ ও সুনিশ্চিত হয়েছে।

এতে গত তিন বছরে মোট ২৩,৮৭২.৮৭ লক্ষ টাকা ব্যয়ে মোট ৫(পাঁচ)টি প্রকল্প সমাপ্ত করা হয়েছে।

## সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

জ্বালানি তেল আমদানি ও দেশের অভ্যন্তরে পরিবহনের ক্ষেত্রে বর্তমান লাইটারেজ ও পরিবহন ব্যবস্থা সময় ও ব্যয় সাপেক্ষ। এই লাইটারেজ ও পরিবহন ব্যবস্থা থেকে সময় ও ব্যয় সাশ্রয়ী পদ্ধতিতে উত্তরণ বিপিসি'র জন্য অন্যতম বড় চ্যালেঞ্জ। এছাড়া খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বোরো মৌসুমে সারাদেশে নিরবচ্ছিন্ন ডিজেল সরবরাহ নিশ্চিত করাও বিপিসি'র জন্য একটি চ্যালেঞ্জ। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্য স্থিতিশীল থাকে না। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি ও ডলারের সাথে টাকার বিনিময় হার বৃদ্ধির কারণে দেশের অভ্যন্তরে জ্বালানি তেলের মূল্য সমন্বয় করা একটি বড় চ্যালেঞ্জ।

## ভবিষ্যৎ পরিকল্পনা

লক্ষ টাকা

| ক্রমিক | প্রকল্প | উদ্দেশ্য | বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|---|
| | | | | মোট |
| ১ | ইনস্টলেশন অব ইআরএল ইউনিট-২। | দেশের একমাত্র তেল শোধনাগার ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড (ইআরএল) ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত হয় যার প্রক্রিয়াকরণ ক্ষমতা ছিল ১৫.০০ লক্ষ মেট্রিক টন। বর্তমানেও এ প্রতিষ্ঠানের প্রক্রিয়াকরণ অব্যাহত আছে। দেশে জ্বালানি তেলের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় পরিশোধিত জ্বালানি আমদানি উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। পরিশোধিত জ্বালানি তেল আমদানি নির্ভরতা কমানো এবং দেশে অপরিশোধিত জ্বালানি তেল প্রক্রিয়াকরণ করে তুলনামূলকভাবে সাশ্রয়ী মূল্যে পরিশোধিত জ্বালানি তেল উৎপাদনের জন্য ইআরএল ইউনিট-২ নামে একটি নতুন প্রকল্প গ্রহণ করা হয়। ইআরএল ইউনিট-২ প্রকল্প বাস্তবায়িত হলে রিফাইনারির বার্ষিক প্রক্রিয়াকরণ ক্ষমতা ৩ গুণ বৃদ্ধি পাবে। এছাড়া এলপি গ্যাস উৎপাদনও বৃদ্ধি পাবে। | জুলাই'১৯-জুন'২৩ | ১৯,৪৮,৭০২.০০ |
| ২ | ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন (আইবিএফপিএল)। | পাইপলাইনের মাধ্যমে ভারত হতে বাংলাদেশে তেল সরবরাহ ব্যবস্থা সহজ এবং নিরবচ্ছিন্ন হবে। ফলে পারিপার্শ্বিক প্রতিবন্ধকতা পরিহার করে দেশের ক্রমবর্ধমান জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধির সাথে সাথে সরবরাহ ব্যবস্থা সুদৃঢ় ও সুসংহত হবে। | জুলাই'১৯-জুন'২১ | ৩০,৬১৩.৯৮ |
| ৩ | বিপিসি'র নিজস্ব অফিস ভবন, চট্টগ্রাম। | বিপিসি'র কোনো নিজস্ব ভবন না থাকায় উক্ত ভবন নির্মাণের ফলে বিপিসি'র নিজস্ব অফিস ভবন সৃষ্টি হবে। কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কাজের উদ্দীপনা জাগবে। এছাড়া অতিরিক্ত ফ্লোর ভাড়া প্রদান করে বিপিসি'র আয় বৃদ্ধি করা সম্ভব হবে। | জুলাই'১৮ -জুন'২১ | ১৫,০০০.০০ |
| ৪ | ইনস্টলেশন অব কাস্টডি ট্রান্সফার ফ্লো মিটার এ্যাট ইআরএল ট্যাংক ফার্ম। | ইআরএল হতে পাইপলাইনের মাধ্যমে পিওসিএল, এমপিএল ও জেওসিএল এর ট্যাংকে জ্বালানি তেল সরবরাহ নিখুঁত ও সঠিকভাবে সবরাহ করা সম্ভব হবে। | জুলাই'১৯-জুন'২১ | ৮,২০৮.৫৮ |
| ৫ | অটোমেশন অব অয়েল ডিপো ইনক্লুডিং সেফটি এন্ড সিকিউরিটি | দেশের সকল ডিপো অটোমেশনের আওতায় এনে জ্বালানি তেলের অপারেশন কার্যক্রম পরিচালনা করা। | জুলাই'১৮-জুন'২১ | ৫,০০০.০০ |

## সেকশন -১:

### কর্পোরেশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী:

১.১ **রূপকল্প (Vision)**: সারাদেশে নিরবিচ্ছিন্নভাবে ন্যায্য মূল্যে পরিবেশ বান্ধব জ্বালানি তেল সরবরাহ করা।

১.২ **অভিলক্ষ্য (Mission)**:

১. জ্বালানি তেল আমদানি, পরিশোধন ও বিতরণের মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ।
২. জ্বালানি সংশ্লিষ্ট অবকাঠামো উন্নয়ন।
৩. পরিচালন কার্যক্রম আধুনিকায়ন।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**:

**১.৩.১ কর্পোরেশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ক্রুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি;
২. ক্রুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য সামগ্রী উৎপাদন;
৩. পেট্রোলিয়ামজাত পণ্য গুদামজাতকরণ এবং বিপণন;
৪. জ্বালানি সরবরাহ নির্বিঘ্নকরণ;
৫. দুষণমুক্ত জ্বালানি তেল নিশ্চিতকরণ;
৬. প্রশিক্ষণ কার্যক্রম।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ **প্রধান কার্যাবলী**:

১. ১৯৭৪ সালের বাংলাদেশ পেট্রোলিয়াম এ্যাক্ট (অধ্যাদেশ নং-৬৯) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ এর আওতায় সম্পাদিতব্য কার্যাবলি ;
২ আমদানিকৃত অপরিশোধিত তেল এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য সংগ্রহ ও মজুদ;
৩. অপরিশোধিত তেল পরিশোধন এবং বিভিন্ন শ্রেণীর (Various grade) পরিশোধিত পেট্রেলিয়াম পণ্য উৎপাদন;
৪. অপরিশোধিত তেল পরিশোধনকারী কারখানা এবং এর সহায়ক প্রতিষ্ঠান স্থাপন;
৫. লুব বেইস অয়েল, প্রয়োজনীয় সংযোজক দ্রব্য (Additives) ও অন্যান্য রাসায়নিক দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত (Finished) লুব্রিকেটিং তেল আমদানি;
৬. ব্লেন্ডেড লুব্রিকেটিং তেল উৎপাদন;
৭. লুব্রিকেটিং প্ল্যান্ট স্থাপন, ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-সাইক্লিং বা উন্নতি বিধানকরণ (Revamping) প্ল্যান্ট স্থাপন;
৮. পরিশোধন কারখানা বর্জ্য বা অবশিষ্টাংশ প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট স্থাপন;
৯. পরিশোধিত ও অপরিশোধিত তেল সংরক্ষণাগার (Storge Facilties) নির্মাণ ও তদুদ্দেশ্যে পরিকল্পনা গ্রহণ;
১০. বিপণন কোম্পানিসমূহকে পেট্রোলিয়ামজাত পদার্থ বরাদ্দের পরিমাণ নির্ধারণ;
১১. অভ্যন্তরীণ অয়েল ট্যাংকার সংগ্রহ;
১২. পেট্রোলিয়ামজাত পণ্য বাজারজাতকরণের সুবিধাদি সৃষ্টি ও সম্প্রসারণ;
১৩. পেট্রোলিয়াম ও পেট্রোলিয়াজাত পণ্য রপ্তানি;
১৪. পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পদার্থে ব্যবস্থাপনা প্রতিনিধি হিসেবে কাজ করা এবং কোন ফার্ম বা কোম্পানির সহিত চুক্তিতে আবদ্ধ হওয়া;
১৫. কর্পোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের-
    ১৫.১ প্রধান নির্বাহী ও নিরীক্ষক নিয়োগ এবং কোম্পানিসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনার প্রয়োজনে কর্মকর্তাগণের আন্তঃকোম্পানি এবং কর্পোরেশনের বদলী বা পদায়ন;
    ১৫.২ কর্মকান্ড তত্ত্বাবধান, সমন্বয় ও নিয়ন্ত্রণ;
১৬. সরকার কর্তৃক, সময় সময়, কর্পোরেশনকে প্রদত্ত অন্য কোন দায়িত্ব সম্পাদন;
১৭. এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় ও আনুষাঙ্গিক অন্যান্য কার্যাবলী সম্পাদন;
১৮. এন্টারপ্রাইজসমূহের বিষয়গুলো তত্ত্বাবধান, সমন্বয় এবং নিয়ন্ত্রণ।

## সেকশন ২

### বিপিসি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফালাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| দেশের সর্বত্র পেট্রোলিয়াম পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ | মাথাপিছু পিওএল-এর ব্যবহার | কেজিওই (Kg Oil Equivalent) | ৩৭.৩৫ | ৩৮.৭৭ | ৩৯.০২ | ৪১.৩৮ | ৪২.০৬ | অর্থ বিভাগ | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন |
| | | | | | | | | পরিকল্পনা কমিশন | বিপিসি'র সেচ পুস্তিকা |
| | | | | | | | | জাতীয় রাজস্ব বোর্ড | বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো |
| | | | | | | | | বাংলাদেশ ব্যাংক | দি স্ট্যাটিস্টিক্স পোর্টাল |
| | | | | | | | | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | |
| | | | | | | | | পেট্রোবাংলা | |

*সাময়িক

সূত্রঃ

$$\text{Outcome} = \frac{\text{Total Consumption} \times 100}{\text{Population}}$$

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target /Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* (মে' ১৯ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | (লক্ষ মে.টন) | (লক্ষ মে.টন) |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিপিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১) ক্রুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি | ২৫ | ১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | ১.১.১) পরিশোধিত তেল আমদানি | লক্ষ মে.টন | ১২ | ৫৪.২৮৪ | ৪১.৯৪ | ৪৮ | ৪৩ | ৩৯ | ৩৪ | ২৯ | ৪৯ | ৫০ |
| | | ১.২) ক্রুড অয়েল আমদানি | ১.২.১) ক্রুড অয়েল আমদানি | লক্ষ মে.টন | ১০ | ১৩.১৩৬ | ১৪.০৬ | ১৩ | ১২ | ১১ | ১০ | ৮ | ১৩ | ১৩ |
| | | ১.৩) লোকাল উৎস হতে পরিশোধিত তেল সংগ্রহ | ১.৩.১) পরিশোধিত তেল সংগ্রহ | লক্ষ মে.টন | ৩ | ৫.২৪ | ৪.৭২ | ৫.২৫ | ৪.৭৩ | ৪.২০ | ৩.৬৮ | ৩.১৫ | ৫.৫০ | ৫.৫০ |
| ২) ক্রুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য সামগ্রী উৎপাদন | ১০ | ২.১) ক্রুড অয়েল প্রসেসিং | ২.১.১) ক্রুড অয়েল প্রসেস | লক্ষ মে.টন | ৫ | ১২.২৫২ | ১২.৮৫ | ১২ | ১০.৮০ | ৯.৬০ | ৮.৪০ | ৭.২০ | ১৩ | ১২ |
| | | ২.২) বিভিন্ন গ্রেডের পেট্রোলিয়াম পণ্য উৎপাদন | ২.২.১) মধ্যম | লক্ষ মে.টন | ৩ | ৫.৭৫৬ | ৫.৬৫ | ৫.২৮ | ৪.৭৫ | ৪.২২ | ৩.৭০ | ৩.১৭ | ৫.৭২ | ৫.২৮ |
| | | | ২.২.২) উচ্চ | লক্ষ মে.টন | ১ | ১.৯৩৫ | ২.২৬ | ১.৮ | ১.৬২ | ১.৪৪ | ১.২৬ | ১.০৮ | ১.৯৫ | ১.৮০ |
| | | | ২.২.৩) নিম্ন | লক্ষ মে.টন | ১ | ৪.৩৪৫ | ৪.৭১ | ৪.৫৬ | ৫.০২ | ৫.৪৭ | ৫.৯৩ | ৬.৩৮ | ৪.৯৪ | ৪.৫৬ |

* সাময়িক

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন (লক্ষ মে.টন) | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target /Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* (মে' ১৯ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | (লক্ষ মে.টন) | (লক্ষ মে.টন) |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিপিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ৩) পেট্রোলিয়ামজাত পণ্য মওজুদ এবং বিপণন | ২০ | ৩.১) পর্যাপ্ত পরিমাণ পেট্রোলিয়াম মজুদ সংরক্ষণ | ৩.১.১) ডিজেল | লক্ষ মে.টন | ৫ | ৫.১৬ | ৫.২১ | ৪.৮ | ৪.৩২ | ৩.৮৪ | ৩.৩৬ | ২.৮৮ | ৪.৯৪ | ৫.০৪ |
| | | | ৩.১.২) ক্রুড অয়েল | লক্ষ মে.টন | ২ | ১.৮৯ | ১.৮৭ | ১.৫০ | ১.৩৫ | ১.২০ | ১.০৫ | ০.৯০ | ১.৫৫ | ১.৫৮ |
| | | | ৩.১.৩) জেট এ-১ | লক্ষ মে.টন | ১ | ০.৩৯ | ০.৫৮ | ০.৪০ | ০.৩৬ | ০.৩২ | ০.২৮ | ০.২৪ | ০.৪১ | ০.৪২ |
| | | | ৩.১.৪) ফার্নেস অয়েল | লক্ষ মে.টন | ১ | ০.৯৯ | ০.৫৬ | ০.৩০ | ০.২৭ | ০.২৪ | ০.২১ | ০.১৮ | ০.৩১ | ০.৩২ |
| | | | ৩.১.৫) অকটেন | লক্ষ মে.টন | ১ | ০.২৩ | ০.২৬ | ০.১৫ | ০.১৪ | ০.১২ | ০.১১ | ০.০৯ | ০.১৬ | ০.১৭ |
| | | | ৩.১.৬) পেট্রোল | লক্ষ মে.টন | ১ | ০.১১ | ০.১৪ | ০.১০ | ০.০৯ | ০.০৮ | ০.০৭ | ০.০৬ | ০.১০ | ০.১১ |
| | | | ৩.১.৭) কেরোসিন | লক্ষ মে.টন | ১ | ০.৩১ | ০.২৭ | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | ০.১২ | ০.২১ | ০.২২ |
| | | ৩.২) পেট্রোলিয়াম পণ্য বিপণন | ৩.২.১) খুচরা কাস্টমার | লক্ষ মে.টন | ৩ | ২৫.৫৮ | ২২.৬২ | ২৪ | ২২ | ১৯ | ১৭ | ১৫ | ২৪.৫০ | ২৫ |
| | | | ৩.২.২) সরাসরি কাস্টমার | লক্ষ মে.টন | ১ | ২০.৭২ | ১৮.২২ | ১৬ | ১৪ | ১৩ | ১১ | ১০ | ১৬.৫০ | ১৭ |
| | | | ৩.২.৩) এজেন্সী | লক্ষ মে.টন | ১ | ১৮.৭ | ১৫.৭২ | ১৬ | ১৪ | ১৩ | ১১ | ১০ | ১৬.৫০ | ১৭ |
| | | ৩.৩) মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ (ক্রম পুঞ্জীভূত) | ৩.৩.৩) মজুদ ক্ষমতা বৃদ্ধি (ক্রম পুঞ্জীভূত) | লক্ষ মে.টন | ৩ | ১৩.২৮ (+১.০০) | ১৩.৫৩৭ (+০.২৫৭) | ১৩.৬৯৩ (+০.১৫৬) | ১৩.৬৭৭ (+০.১৪০) | ১৩.৬৬২ (+০.১২৫) | ১৩.৬৪৬ (+০.১০৯) | ১৩.৬৩১ (+০.০৯৪) | ১৪ | ১৪.৫০ |

* সাময়িক

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন (লক্ষ মে.টন) | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target /Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* (মে' ১৯ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | (লক্ষ মে.টন) | (লক্ষ মে.টন) |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিপিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ৪) জ্বালানি সরবরাহ নির্বিঘ্নকরণ | ১০ | ৪.১) পাইপলাইন নির্মাণ | ৪.১.১) ভারতের শিলিগুড়ি টার্মিনাল হতে বাংলাদেশ পার্বতীপুর পর্যন্ত ১৩০ কিমি পাইপলাইন নির্মাণ | % | ৩ | - | - | ৩০% | ২৭% | ২৪% | ২১% | ১৮% | ৫০% | ১০০% |
| | | | ৪.১.২) চট্টগ্রাম হতে ঢাকায় ৩০৫ কিমি পাইপলাইন নির্মাণ | % | ৩ | - | - | ৩০% | ২৭% | ২৪% | ২১% | ১৮% | ৫০% | ১০০% |
| | | | ৪.১.৩) গভীর সমুদ্র থেকে চট্টগ্রাম তেল আনার লক্ষ্যে পাইপলাইন নির্মাণ | % | ৪ | - | - | ৩০% | ২৭% | ২৪% | ২১% | ১৮% | ৫০% | ১০০% |
| ৫) দুষণমুক্ত জ্বালানি তেল নিশ্চিতকরণ | ৫ | ৫.১) ভেজাল তেল বিপণন প্রতিরোধ কার্যক্রম | ৫.১.১) ফিলিং স্টেশন ও এজেন্সী সমূহ পরিদর্শন | সংখ্যা | ৫ | - | - | ৭০০ | ৬৩০ | ৫৬০ | ৪৯০ | ৪২০ | ৭১০ | ৭২০ |
| ৬) প্রশিক্ষণ কার্যক্রম | ৫ | ৬.১) প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি | ৬.১.১) প্রশিক্ষণ | জন | ৫ | ৩,৭১৮ | ২,৫৫৬ | ১৮৫০ | ১৬৬৫ | ১৪৮০ | ১২৯৫ | ১১১০ | ১৯০০ | ১৯৫০ |

* সাময়িক

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

**(মোট নম্বর- ২৫)**

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance incicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১) দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | ১.১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ১.১.১) সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | ১.১.২) এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ১.১.৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | ১.১.৪) মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | ১.২) জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | ১.২.১) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | | ১.২.২) ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৯ | ১৫ নভেম্বর, ২০১৯ | ১৫ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০১৯ |
| | | ১.৩) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | ১.৩.১) নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | ১.৩.২) অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | ১.৪) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | ১.৪.১) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | ১.৪.২) নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | ১.৪.৩) সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮, ফেব্রুয়ারি, ২০২০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance incicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ২) কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | ২.১) দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ২.১.১) সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | ২.১.২) ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ২.১.৩) ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | ২.২) দপ্তর/সংস্থা কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | ২.২.১) ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ, ২০২০ | ৩১ মার্চ, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ৩০ মে, ২০২০ |
| | | ২.৩) দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | ২.৩.১) ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | ২.৪) সেবা সহজিকরণ | ২.৪.১) নূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর, ২০১৯ | ২০ অক্টোবর, ২০১৯ | ২৪ অক্টোবর, ২০১৯ | ২৮ অক্টোবর, ২০১৯ | ৩০ অক্টোবর, ২০১৯ |
| | | | ২.৪.২) সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১৫ এপ্রিল, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ১৫ মে, ২০২০ | ৩০ মে, ২০২০ | ১৫ জুন, ২০২০ |
| | | ২.৫) পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | ২.৫.১) পি আর এল আদেশ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ২.৫.২) ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ২.৬) শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | ২.৬.১) নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | ২.৬.২) নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | ২.৭) বিভাগীয় মামলা নিষ্পত্তি | ২.৭.১) বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | ২.৮) তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ২.৮.১) সকল তথ্য হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance incicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | ৩.১) বাজেট বাস্তবায়ন উন্নয়ন | ৩.১.১) বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | ৩.১.২) ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ৩.২) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | ৩.২.১) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | ৩.৩) অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ৩.৩.১) ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | ৩.৩.২) অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | ৩.৪) স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | ৩.৪.১) স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | ৩.৪.২) অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | ৩.৫) ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | ৩.৫.১) বিসিসি/বিটিসিএল এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | ৩.৫.২) টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | ৩.৫.৩) বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রী বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রী বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

২৩.০৬.২০১৭

চেয়ারম্যান
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

তারিখ

মোঃ সামছুর রহমান
চেয়ারম্যান (সরকারের সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২৩/০৬/১৭

২৩/০৬/২০১৭

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

তারিখ

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সংযোজনী -১

### শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ২ | মে.টন | মেট্রিক টন |
| ৩ | এলপিজি | লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস |
| ৪ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি |
| ৫ | পিওএল | পেট্রোলিয়াম, অয়েল এন্ড লুব্রিকেন্টস্ |
| ৬ | জিআরএস | গ্রিভেন্স রিড্রেস সিস্টেম |
| ৭ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল |
| ৮ | কেজিওই | কিলোগ্রাম অয়েল ইকুইভ্যালেন্ট |

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | পরিশোধিত তেল আমদানি | স্থানীয় উৎপাদন দেশের চাহিদা পূরণ করতে পারে না বিধায় পরিশোধিত জ্বালানি তেল আমদানি করতে হয়। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন ও সেচ পুস্তিকা | |
| ২ | ক্রুড অয়েল আমদানি | ক্রুড অয়েল আমদানি | ক্রুড অয়েলের স্থানীয় কোন উৎস না থাকায় তা আমদানি করতে হয়। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন ও সেচ পুস্তিকা | |
| ৩ | মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | মজুদ ক্ষমতা বৃদ্ধি | দৈনিক চাহিদা পূরণের জন্য জ্বালানি তেলের পর্যাপ্ত পরিমাণ সরবরাহ অত্যন্ত জরুরী। নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহের লক্ষ্যে মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ প্রয়োজন। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন ও সেচ পুস্তিকা | |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

| সংস্থার ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | অনুমোদন | প্রশাসনিক ও আর্থিক অনুমোদন | সরকারি নীতি | কার্যক্রম ব্যাহত হবে। |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | অনুমোদন | আর্থিক বন্টন | সরকারি নীতি | কার্যক্রম ব্যাহত হবে। |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | অনুমোদন | ডিপিপি অনুমোদন | সরকারি নীতি | প্রজেক্ট বাস্তবায়িত হবে না। |
| রেলওয়ে বিভাগ | বাংলাদেশ রেলওয়ে | পরিবহন | রেলযোগে পেট্রোলিয়াম পণ্য পরিবহন | রেলহেড ডিপোতে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে। |
| শিপিং | বিআইডব্লিউটিএ ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | অভ্যন্তরীণ পরিবহন ও আমদানিতব্য পণ্য গ্রহণ | নদীপথে পরিবহন এবং বন্দর ও জেটি সুবিধা | নদীপথে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে এবং পেট্রোলিয়াম পণ্য আমদানি ব্যাহত হবে। |